

ভর্তি বিজ্ঞপ্তি

এই কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ (মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা শাখা) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৮/২০২০খ্রি. থেকে ২০/০৮/২০২০খ্রি. পর্যন্ত আন্তঃশিক্ষা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী www.xiclassadmission.gov.bd এই ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে। পাশাপাশি যে কোন টেলিটক সিম (প্রিপেইড) থেকে ক্ষুদ্রে বার্তা (SMS) এর মাধ্যমেও আবেদন করা যাবে। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ ও ভর্তি দিনাজপুর বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখ অনুসারে সম্পন্ন হবে।

অনলাইনে আবেদনের জন্য কলেজের প্রয়োজনীয় তথ্যঃ

লালমনিরহাট সরকারি কলেজের EIIN No : 122988
College Code (HSC) : 7250

এসএমএস এর মাধ্যমে ভর্তির আবেদন করার পদ্ধতিঃ

শুধুমাত্র টেলিটক মোবাইল সিম (প্রিপেইড) ব্যবহার করে ম্যাসেজ অপশনে গিয়ে CAD<Space> দিয়ে 122988<Space> ভর্তিচ্ছু গ্রুপের নামের প্রথম দুই অক্ষর <Space>য়ে বোর্ড হতে এসএসসি পাশ করেছে সেই বোর্ডের প্রথম ০৩ (তিন) অক্ষর <Space>এসএসসি/সমান পাশের রোল নম্বর <Space>দিয়ে এসএসসি পাশের সন <Space>রেজিস্ট্রেশন নম্বর ভর্তি ইচ্ছুক শিফট এর D <Space>ভার্সন B <Space> কোটা থাকলে FQ বা SQ যখন যেটি প্রযোজ্য সেটি লিখে (কোটা না থাকলে কিছু লিখতে হবে না) 16222 নম্বরে Send করতে হবে। এক্ষেত্রে প্রতিটি আবেদনের জন্য ১২০/- (একশত বিশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে।

উদাহরণঃ CAD 122988 SC DIN 123456 2018 1117694800 D B (FQ)

ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কলেজের নাম ও EIIN, গ্রুপের নাম এবং শিফটসহ ফি বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে CAD <Space>Yes< Space>PIN <Space> Contact Number লিখে 16222 নম্বর Send করতে হবে।

বিঃ দ্রঃ প্রদত্ত Contact নাম্বারটি অবশ্যই শিক্ষার্থীর নিজের অথবা অভিভাবকের বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর হতে হবে। ফি সঠিকভাবে জমা হলে Contact নাম্বারে ফি নিশ্চিত করণের একটি Transaction ID সহ SMS যাবে (ID টি ভর্তির সময় অবশ্যই দেখাতে হবে)।

অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন করার পদ্ধতিঃ

আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd) যেয়ে Apply Online এ Click করতে হবে; এর পর প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড ও পাশের সন সঠিকভাবে এন্ট্রি দিলে আবেদনকারী তার প্রাপ্ত জিপিএ ও ব্যক্তিগত তথ্য দেখতে পাবে। এরপর নিজের/অভিভাবকের ব্যবহৃত মোবাইল নম্বর এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) দিতে হবে। এই মোবাইল নম্বরের মাধ্যমে বিভিন্ন সময়ে প্রার্থীকে SMS প্রেরণ করা হবে বিধায় নম্বরটি নিশ্চিত হওয়ার জন্য ০২ বার এন্ট্রি দিতে হবে। অতঃপর তাকে ভর্তিচ্ছু কলেজ, শিফট, ভার্সন এবং গ্রুপ Select করতে হবে।

কোটার ক্ষেত্রেঃ শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা (মুক্তিযোদ্ধা, শিক্ষা কোটা) সিলেক্ট করবে।

পছন্দক্রম নির্ধারণঃ অনলাইনে ০১ জন আবেদনকারী সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। এক্ষেত্রে প্রার্থী Application ID এবং Password পাবে। তাছাড়াও প্রার্থীর মোবাইলে এ সংক্রান্ত একটি SMS বার্তা পাবে। উল্লেখ্য যে, আবেদনকারী তার মেধামান ও পছন্দক্রম বিবেচনার ভিত্তিতে ভর্তির জন্য শুধুমাত্র ১টি কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচিত হবে।


ফি প্রদানঃ অনলাইনে সফলভাবে আবেদন Submit হওয়ার পর প্রার্থীরা শুধুমাত্র টেলিটক সিমের মোবাইল ব্যবহার করে SMS এর মাধ্যমে তাদের অনলাইনে আবেদন ফি ম্যাসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত নিয়মে প্রদান করতে হবে।

CAD <Space>WEB< Space> Board< Space> Roll< Space> Year< Space> লিখে 16222 নম্বর Send করতে হবে। ফিরতি SMS এ আবেদনকারীর নাম, Application ID, কলেজের সংখ্যা এবং ফি বাবদ ১৫০/- টাকা (একশত পঞ্চাশ) টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে PIN প্রদান করা হবে।

আবেদন সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে CAD <Space>Yes< Space>PIN Space>Contact Number লিখে 16222 নম্বর Send করতে হবে।

আবেদনের যোগ্যতা ও শাখা নির্বাচনঃ

- ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২০-২১ শিক্ষাবর্ষে এই প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। তবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আবেদনকারীর বয়স সর্বোচ্চ ২২ বছর হতে হবে।
- ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবেঃ
 - বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
 - মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং
 - ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।
- এই কলেজের জন্য আবেদনের ন্যূনতম জিপিএঃ
 - বিজ্ঞান শাখার জন্য কমপক্ষে ৩.৭০। খ) মানবিক শাখার জন্য কমপক্ষে ৩.০০। গ) ব্যবসায় শিক্ষা শাখার জন্য কমপক্ষে ৩.০০।
- আসন সংখ্যাঃ মানবিক শাখা-১৫০, বিজ্ঞান শাখা-১৫০, ব্যবসায় শিক্ষা শাখা-১৫০।
- আবেদন ও ভর্তি সংক্রান্ত সহায়তার জন্য যোগাযোগঃ
 - ড. মোঃ জাহাঙ্গীর আলম, ভর্তি কমিটির আহবায়ক, মোবাইলঃ ০১৭১২০০১৭৯১
 - জনাব মোঃ বাবুল হোসেন, ভর্তি কমিটির সদস্য, মোবাইলঃ ০১৭৩১২৫৫৬২৭
 - জনাব মোঃ মামুন মিয়া, ভর্তি কমিটির সদস্য, মোবাইলঃ ০১৭২৩০৭২১২৭।


২৭.০৭.২০২০

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
লালমনিরহাট সরকারি কলেজ
লালমনিরহাট।